গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৩৭.০১১.০১.০০.০০১.২০১৫(অংশ-১) -১২৬২ তারিখঃ ০৬/০৯/২০১৭ খ্রিস্টাব্দ
২২/০৫/১৪২৪ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১২-০২-২০১৭ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৩৭.১৭-৫১ সংখ্যক পত্র এবং ২০-০৪-২০১৭ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৩৭.১৭-১০২ সংখ্যক পত্রের সুপারিশক্রমে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৭-০৮-২০১৭ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৩২.০৪.০১০.১৩(অংশ-১)-৩১৪ সংখ্যক স্মারকের আলোকে নিম্নবর্ণিত প্রার্থীগণকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরাধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর 'সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার' (নন-ক্যাডার) পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী টাঃ ২৯০০০-৬৩৪১০ বেতন স্কেলে (৭ম গ্রেড) নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হল এবং তাদের নামের পার্শ্বে ৫নং কলামে বর্ণিত জেলায় পদায়ন করা হলঃ

ক্রমিক নং (মেধাক্রম অনুসারে)	নাম	রেজিঃ নম্বর	জেলা	পদায়নকৃত কর্মস্থল
১	মোঃ ফোরকান আহমেদ	০০০০৯৪	বরগুনা	বরগুনা
২	পুলক কুমার চক্রবর্তী	৪০০০৩০	খুলনা	স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, মহাখালী, ঢাকা। (সহকারী প্রধান পদের বিপরীতে)
৩	চৈতী রায়	২০০০১০	জয়পুরহাট	জয়পুরহাট
৪	হেপিনা ত্রিপুরা	০০০০৫৫	খাগড়াছড়ি	স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, মহাখালী, ঢাকা। (সহকারী প্রধান পদের বিপরীতে)
৫	মোহাম্মদ আমিনুল হক	০০০০৩৪	কুমিল্লা	নারায়নগঞ্জ
৬	মোহাম্মদ ফিরোজ আল মামুন	০০০০৪১	কুমিল্লা	শরীয়তপুর

শর্তাদিঃ

(১) উক্ত পদের জন্য সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিভাগীয় প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রয়োজনবোধে সরকার প্রশিক্ষণের পূর্বে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(২) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(৩) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাদের একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তারা শিক্ষানবিশ কালে অথবা শিক্ষানবিশ কাল উত্তীর্ণ হওয়ার ০২ (দুই) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাদের প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাদের প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তারা বাধ্য থাকবেন।

(৪) ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তারা তাদের কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তবে ক্রমিক-৩ অনুযায়ী তাদের নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

অপর পাতা দ্রষ্টব্য

(৫) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ যদি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয় তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(৬) চাকুরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে তারা নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(৭) The Government Servants(Conduct) Rules,1979 এর ১৩(১) বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীদের চাকুরিতে যোগদানের সময় মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে জমা দিতে হবে;

(৮) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র দাখিল করতে হবে;

(৯) এ চাকুরিতে যোগদানের জন্য নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

(১০) চাকুরির জ্যেষ্ঠতাসহ যাবতীয় বিষয় চাকুরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্রে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(১১) উপরের শর্তাবলী নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৭-০৯-২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকায় যোগদানের জন্য এবং পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হল। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
৩১.০৮.২০১৭
(মোঃ সিরাজুল হক খান)
সচিব

নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০০১.২০১৫(অংশ-১)- ১২৬২/১(১৬)

তারিখঃ ০৬/০৯/২০১৭ খ্রিস্টাব্দ
২২/০৫/১৪২৪ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। জনাব/বেগম..।
৯। অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোন-৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd